অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আগাম সতর্কতার তাগিদ দিলেন যেহেতু সোমবার সন্ধ্যা থেকে স্টেটের পূর্বাঞ্চলে উল্লেখযোগ্য তুষারপাত হবে বলে আশঙ্কা রয়েছে

সোমবার সন্ধ্যা থেকে মঙ্গলবার পর্যন্ত রাজধানী, মিড-হাডসন, মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, নর্দার্ন কাউন্টি এবং সাউদার্ন টিয়ার অঞ্চলগুলোতে এক ফুট পর্যন্ত ভারী তুষারপাতের সম্ভাবনা রয়েছে; নিউ ইয়র্ক সিটিতে ছয় ইঞ্চি পর্যন্ত তুষারপাত সহ কমপক্ষে এক থেকে দুই ইঞ্চি তুষারপাতের স্টেট ব্যাপী প্রভাবের আশঙ্কা করা হচ্ছে

সোমবার রাতে ঘণ্টায় এক ইঞ্চি বা তার বেশি তুষারপাতের হার এবং ঘণ্টায় 40 মাইল বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে, ফিঙ্গার লেকস, লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে হিমশীতল বৃষ্টির সম্ভাবনা রয়েছে

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করতে এবং সোমবার সন্ধ্যা ও মঙ্গলবার ভ্রমণের জন্য বিপজ্জনক ভ্রমণের অবস্থার জন্য প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন, কারণ সোমবার রাত থেকে রাজধানী মিড-হাডসন, মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টিয়ার অঞ্চলের কিছু অংশে ভারী তুষারপাত এবং উচ্চ বাতাস সহ স্টেটের বেশিরভাগ অংশে শীতকালীন ঝড়ের প্রভাব পড়তে পারে। সোমবার সন্ধ্যা থেকে অবিরাম তুষারপাত শুরু হবে এবং সারা রাত ধরে স্টেটজুড়ে মাঝারি থেকে ভারী তুষারপাত হবে, সর্বোচ্চ তুষারপাতের হার ঘণ্টায় এক ইঞ্চি বা তার বেশি এবং বাতাসের গতিবেগ ঘণ্টায় 40 মাইল পর্যন্ত হতে পারে। ফিঙ্গার লেকস, লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে কমপক্ষে এক থেকে দুই ইঞ্চি তুষারপাতের সম্ভাবনা রয়েছে। এই পরিস্থিতি সোমবার সন্ধ্যায় এবং বিশে করে মঙ্গলবার সকালে প্রভাবিত অঞ্চলে বিপজ্জনক ভ্রমণের প্রভাবিত করবে। ভারী ও ভেজা তুষারপাত স্থানীয় বিদ্যুৎ বিভ্রাটের কারণ হতে পারে। গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে তাদের স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করার এবং সোমবার রাতে ও মঙ্গলবার ভ্রমণের সময় আবহাওয়ার অবস্থার পরিবর্তনের জন্য প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন।

"আজ রাত থেকে তুষারপাত বা তুষারপাত এবং উচ্চ বাতাসের মিশ্রণে রাজ্যের বেশিরভাগ অংশে আরেকটি শীতকালীন ঝড় আঘাত হানতে পারে, যা শেষ পর্যন্ত মঙ্গলবার সকালে স্টেটের পূর্বাঞ্চলে ভ্রমণকে প্রভাবিত করবে,"**গভর্নর হোকল বলেন।** "স্টেটের সংস্থাগুলো জরুরি অবস্থায় সাড়াদানের রিসোর্স প্রস্তুত করছে এবং আমরা ঝড়ের আগে, সময় এবং পরে স্থানীয় সরকারকে সহায়তা করতে প্রস্তুত। আমি সবাইকে এই সপ্তাহে আবহাওয়ার দিকে নজর রাখতে এবং নিরাপদে থাকার জন্য উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কমিশনার জ্যাকি ব্রে বলেন, "ভারী তুষারপাত এবং উচ্চ বাতাস আজ রাত থেকে আমাদের স্টেটের অনেক অঞ্চলে প্রভাব পড়তে যাচ্ছে এবং কিছু অঞ্চলে হিমশীতল বৃষ্টিপাত হতে যাচ্ছে যা সোমবার সন্ধ্যা থেকে মঙ্গলবার পর্যন্ত ভ্রমণ করা বিপজ্জনক করে তুলবে। যদি আপনাকে আগামী দুই দিনের ভ্রমণ করতে হয় তবে আবহাওয়ার পরিবর্তিত অবস্থা সম্পর্কে সচেতন থাকুন এবং নিরাপদ থাকার জন্য আপনার ভ্রমণের সময়সূচিতে অতিরিক্ত সময় বের করুন।"

মঙ্গলবার রাত পর্যন্ত রাজধানী, মিড-হাডসন, মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টিয়ার অঞ্চলের কাউন্টিগুলোতে শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে। এই স্টেটব্যাপী আবহাওয়া ইভেন্টের জন্য অন্যান্য সতর্কতা, ঘড়ি এবং পরামর্শ জারি করা যেতে পারে। আপনার এলাকায় আবহাওয়া সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার জাতীয় আবহাওয়া সেবার (National Weather Service) ওয়েবসাইট ভিজিট করুন।

<u>এজেন্সির প্রস্তুতি</u>

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

বিভাগটি সক্রিয়ভাবে আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং আবহাওয়ার ইভেন্টে স্টেটের প্রতিক্রিয়া সমন্বয় করছে। অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমে (Office of Emergency Management)-এর কর্মীরা স্থানীয়দের সাথে যোগাযোগ রাখছে এবং স্থানীয় সরকারের কাছ থেকে সহায়তার জন্য অনুরোধ করার জন্য প্রস্তুত এবং প্রয়োজনে রাজ্যের মজুদ থেকে সম্পদ মোতায়েন করতে প্রস্তুত।

জনসেবার বিভাগ (Department of Public Service)

এই সপ্তাহের শীতকালীন আবহাওয়ার ইভেন্টের নিউ ইয়র্কের ইউটিলিটিগুলোতে স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, প্রতিক্রিয়া, মেরামত এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য আনুমানিক 6,300 জন কর্মী রয়েছে। এর মধ্যে NYSEG কর্তৃক বরাদ্দ অতিরিক্ত 456 বহিরাগত লাইন কর্মী, কন এডিসন (Con Edison) কর্তৃক বরাদ্দ 100 লাইন শ্রমিক, অরেঞ্জ ও রকল্যান্ড (Orange & Rockland) কর্তৃক বরাদ্দ 130 লাইন শ্রমিক এবং জাতীয় গ্রিড (National Grid) কর্তৃক বরাদ্দ 125 লাইন শ্রমিক অন্তর্ভুক্ত রয়েছে। DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

পরিবহন বিভাগ (Department of Transportation)

স্টেটজুড়ে 3,614 জন সুপারভাইজর এবং অপারেটর সহ স্টেটের পরিবহন বিভাগ পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত। আঞ্চলিক কর্মীরা বর্তমানে তুষার ও বরফে সাড়াদান ও প্রস্তুতি কর্মকাণ্ডের ব্যাপারে নিয়োজিত রয়েছেন। দুর্যোগ চলাকালীন সময় এবং অগ্রাধিকারমূলক পরিষ্কার কার্যক্রম চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য সব আবাসিক এলাকাতে কর্মী নিয়োগ করা হবে।
সংকটপূর্ণ এলাকাগুলোতে তুষার ও বরফ সরানোর কাজে সহায়তা করার জন্য 40 জন প্লাউ ট্রাক অপারেটর, 5 জন সুপারভাইজর ও 13 জন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর এবং 1 জন নিরাপত্তা প্রতিনিধি সহ মোট 59 জন কর্মী মোতায়েন করা হচ্ছে। তাদেরকে নিম্নোক্ত উপায়ে বন্টন করা হয়েছে:

ক্যাপিটাল রিজিয়ন:

- DOT-এর প্রধান কার্যালয় থেকে 1 জন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে।

মিড-হাডসন:

- মোহক ভ্যালি থেকে 4 জন ইক্যুইপমেন্ট অপারেটর এবং 1 জন নিরাপত্তা প্রতিনিধি পাচ্ছে
- ফিঙ্গার লেকস থেকে 10 জন প্লাউ অপারেটর, 2 জন সুপারভাইজর, 2 জন সরঞ্জাম অপারেটর প্রশিক্ষক পাচ্ছে
- ওয়েস্টার্ন NY থেকে 15 জন প্লাউ অপারেটর, 1 জন সুপারভাইজর, 1 জন সরঞ্জাম অপারেটর প্রশিক্ষক গ্রহণ করা পাচ্ছে
- ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ার থেকে 5 জন প্লাউ অপারেটর ও 1 জন সুপারভাইজার পাচ্ছে
- ইস্টার্ন সাউদার্ন টিয়ার থেকে 2 জন সরঞ্জাম অপারেটর প্রশিক্ষক পাচ্ছে
- লং আইল্যান্ড থেকে 10 জন প্লাউ অপারেটর, 1 জন সুপারভাইজর, 3 জন সরঞ্জাম অপারেটর প্রশিক্ষক পাচ্ছে

পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সম্পদ বরাদ্দের প্রয়োজন পুনর্মূল্যায়ন করা হবে।

তুষার ও বরফ সরানোর সব লভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিককে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1609টি বড় প্লাউ ট্রাক
- 156টি মাঝারি ডিউটি প্লাউ
- 52টি টো প্লাউ
- 337টি বড় লোডার
- 36টি স্নো ব্লোয়ার

নিম্নলিখিত স্থানগুলোতে টো ট্রাক সার্ভিস সরবরাহ করা হবে: I-81 (ওননডাগা কাউন্টি) এবং লোয়ার হাডসন ভ্যালি। ইভেন্টের পুরো সময়কালে অতিরিক্ত টো ট্রাকের প্রয়োজনীয়তা মূল্যায়ন করা হবে।

তাৎক্ষণিক ভ্রমণ তথ্য জানার জন্য মোটর চালকগণ 511 নম্বরে কল করতে পারেন অথবা https://www.511ny.org/ বা মোবাইল সাইট m.511ny.org ভিজিট করতে পারেন, যা নিউ ইয়র্ক স্টেটের সরকারি ট্রাফিক এবং ভ্রমণ সংক্রান্ত তথ্য কেন্দ্র।

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটি কর্তৃপক্ষ আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং 677 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে সাড়াদান কার্যক্রমের জন্য প্রস্তুত রয়েছে। স্টেটব্যাপী সরঞ্জাম সংখ্যা ও রিসোর্সের তালিকা নিচে দেওয়া হলো:

- 363টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 11টি টো প্লাও
- 68টি লোডার
- 122,000 টনের বেশি লবণ প্রস্তুত

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে।

স্টেট পুলিশ
স্টেট পুলিশ অবস্থা তদারক করবে এবং ঝড়ের ফলে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত হওয়া এলাকাগুলোতে বাড়তি টহলের ব্যবস্থা করবে। সব ফোর-হুইল ড্রাইভ ও বিশেষায়িত যানবাহন, যেমন ইউটিলিটি টাস্ক ভেহিকেল ও স্নোমোবাইল সেবায় নিয়োজিত রয়েছে।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ
চলাচল:

- নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:
- প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।

- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।
- বিদ্যুৎ বিভ্রাট রিপোর্ট করতে, ফোন করুন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

হিটিং সংক্রান্ত সতর্কতা

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।
- সবসময় প্রস্তুতকারকের নির্দেশনা মেনে চলুন।
- বিকল্প তাপের উৎস যেমন ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদি ব্যবহার করার সময় সবসময় যথাযথ ভেন্টিলেশন রয়েছে তা নিশ্চিত করুন।
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:
  - উৎপাদকের নির্দেশনা অনুসরণ কর।
  - আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।
  - শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
  - হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
  - হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য ভিজিট করুন dhses.ny.gov/safety।

নিউ ইয়র্ক স্টেটে ঝড়ের আগে, ঝড় চলাকালীন সময়ে অথবা ঝড়ের পরে জরুরি নয় এমন পরিষেবার প্রয়োজনগুলো পূরণ করতে 211 নম্বরে ফোন করুন অথবা ভিজিট করুন 211nys.org ঠিকানায়।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব,

সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-কে ফেসবুক, টুইটার-এ খুঁজুন বা ভিজিট করুন dhses.ny.gov।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন